B.A./3rd Sem (H)/BENG/22(CBCS)

# 2022

## 3rd Semester Examination

## BENGALI (Honours)

### Paper : C 7-T

### [ প্রবন্ধ সাহিত্য পাঠ ]

[CBCS]

Full Marks : 60 Time : Three Hours

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

### বিভাগ - ক

যেকোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। ‘গীতিকাব্য’ প্রবন্ধে বঙ্কিমচন্দ্র কাব্যের কয়টি শ্রেণিবিভাগ উল্লেখ করেছেন? বিভাগগুলি কী কী?

২। মিরন্দার পিতা এবং প্রণয়ীর নাম লেখো।

৩। ‘বঙ্গদেশের কৃষক’ প্রবন্ধটিতে কয়টি পরিচ্ছেদ রয়েছে? এগুলি কী কী?

৪। ‘ভারতবর্ষীয়েরা সুখী হইলেন।’—কার, কোন্ প্রবন্ধের অংশ? প্রাবন্ধিক কেন একথা বলেছেন?

P.T.O.

৫। ‘সপ্তদশ পাঠান কর্তৃক বঙ্গজয় হইয়াছিল, এ কলঙ্ক মিথ্যা।’ — প্রাবন্ধিকের মতে পাঠানেরা বঙ্গের কোন্ অংশ জয় করেছিল? তারা কত বছর রাজত্ব করেছিল?

৬। রবীন্দ্রনাথের ‘কৌতুক হাস্যের মাত্রা (পঞ্চভূত)’ প্রবন্ধ অবলম্বনে কৌতুক হাস্যের সংজ্ঞা দাও।

৭। ‘পঞ্চভূত’ কী?

৮। ‘গাটাপার্চা’ কী?

৯। ‘জাত্যভাষা এক স্থানীয় ভাষা’ প্রবন্ধে উল্লিখিত দুটি চৈতন্যজীবনী কাব্যের নাম ও কবির নাম লেখো।

১০। ‘ভারতীয় সংস্কৃতির গোড়ার কথা’ প্রবন্ধটি কবে, কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়েছিল?

১১। রামেন্দ্রসুন্দর ত্রিবেদী রচিত ‘ঈশ্বরচন্দ্র বন্দ্যোপাধ্যায়’ প্রবন্ধটি কবে, কোথায় পঠিত হয়েছিল?

১২। ‘চরিত-কথা’ গ্রন্থের ‘বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়’ প্রবন্ধটি প্রথম কোন্ পত্রিকায়, কবে প্রকাশিত হয়েছিল?

১৩। ‘সাধনা’ পত্রিকায় প্রকাশিত বলেন্দ্রনাথ ঠাকুরের চারটি প্রবন্ধের নাম লেখো।

১৪। হেলমহোলৎজ কোন্ চারটি বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করেছিলেন লেখো।

১৫। ‘এই সকল পণ্ডিতদিগের বিরোধী মতের সহিত মক্ষমূলরের মতের বিসংবাদ প্রায়ই ঘটিত।’ — ‘এই সকল পণ্ডিতদিগের’ নাম লেখো।

## বিভাগ - খ

যেকোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

১৬। অনুকরণের সুফল ও কুফল বিষয়ে বঙ্কিমচন্দ্র কী অভিমত ব্যক্ত করেছেন লেখো।

১৭। 'সকলই নিয়মের ফল। সাহিত্যও নিয়মের ফল।' — মন্তব্যটি বিশ্লেষণ করো।

১৮। দৃষ্টিবিজ্ঞান বিষয়ে হেলমহোলৎজের কৃতিত্বের কথা সংক্ষেপে লেখো।

১৯। 'চন্দ্রবিন্দু এক বিপত্তি।' — প্রাবন্ধিকের চন্দ্রবিন্দুকে 'বিপত্তি' বলার কারণ কী?

২০। 'বইপড়া' প্রবন্ধের বিষয়বস্তু সংক্ষেপে লেখো।

২১। 'বিদ্যাসাগর খাঁটি বাঙালী ছিলেন।' — বক্তব্যটির তাৎপর্য লেখো।

## বিভাগ - গ

যেকোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

২২। 'বিবিধ' প্রবন্ধ অবলম্বনে প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্রের মূল্যায়ন করো।

২৩। 'ভারতীয় সংস্কৃতির গোড়ার কথা' প্রবন্ধে লেখক ভারতীয় সংস্কৃতির যে সমস্ত বৈশিষ্ট্যের কথা উল্লেখ করেছেন তা আলোচনা করো।

২৪। 'দেশপ্রেম বনাম জাতিপ্রেম' প্রবন্ধে প্রতিফলিত প্রাবন্ধিকের মূল বক্তব্য পর্যালোচনা করো।

২৫। রামেন্দ্রসুন্দর ত্রিবেদী রচিত 'চরিত-কথা' গ্রন্থের 'বলেন্দ্রনাথ ঠাকুর' প্রবন্ধ অলম্বনে বলেন্দ্রনাথ ঠাকুরের সাহিত্যকৃতির মূল্যায়ন করো।

---